

যায়যায়দিন

17 NOV 2006
2

শিক্ষক সঙ্কট ক্লাসরুম লোকবল ব্যবস্থাপনার অভাব এক বছরেও পূর্ণাঙ্গ রূপ পেল না জগন্নাথ ইউনিভার্সিটি

শামুন হোসেন

প্রশাসনিক জটিলতা সৃষ্টি হয়েছে জগন্নাথ ইউনিভার্সিটিতে। শিক্ষক সঙ্কট, শিক্ষার্থী মনুপাতে ক্লাসরুম ও লোকবলের অভাবে ফলেজ থেকে ইউনিভার্সিটিতে রূপান্তরিত হওয়ার এক বছরেও পর্যাপ্ত অ্যাকাডেমিক ফ্যাসিলিটি, সূচু ব্যবস্থাপনা কোনো দিক থেকেই পূর্ণাঙ্গ রূপ পায়নি। সব প্রস্তুতির পরও শুরু করা যায়নি ইউনিভার্সিটি ফ্যাম্পাসে ২০ তলা বহুতল ভবনের নির্মাণ কাজ। এ ছাড়া ডেপুটেশনে থাকা শিক্ষকদের দিয়ে চালানো হচ্ছে ইউনিভার্সিটি কার্যক্রম। দুটু নীতিমালার অভাবে বদলি অব্যাহত আছে তাদের। ফলে শিক্ষার্থীদের পাঠদানে গারাবাহিকতা বিঘ্নিত হচ্ছে বলে অভিযোগ করেন শিক্ষার্থীরা।

এদিকে অচিরেই ইউনিভার্সিটিতে শিক্ষক নিয়োগ করা সম্ভব হবে না বলে জানিয়েছে কর্তৃপক্ষ। ইউনিভার্সিটি গেজেট অনুসারে বিলুপ্ত কলেজের শিক্ষকরা ইউনিভার্সিটিতে থাকতে পারছেন না। গেজেটের এ ধারাটির বপক্ষে বিলুপ্ত কলেজের ১৮ শিক্ষক হাই কোর্টে মামলা তুলে দিয়েছেন। সে মামলাও নিষ্পত্তি হয়নি এখনো।

মর্থ আত্মসাত ও জালিয়াতির অভিযোগে ইউনিভার্সিটির চার উচ্চপদস্থ কর্মকর্তা ও কর্মচারীকে বরখাস্ত করায় প্রশাসনিক কাজে দবা দিয়েছে শূন্যতা। তাদের শূন্যতা পূরণ

বিলুপ্ত কলেজের শিক্ষার্থীদের পরীক্ষা নেয়া হচ্ছে। এতে সৃষ্টি হয়েছে পরীক্ষা ছট। দীর্ঘ এক বছরের মধ্যে এখনো অনার্স চতুর্থ বর্ষ ও মাস্টার্সের শিক্ষার্থীদের ইউনিভার্সিটির অধীনে রেজিস্ট্রেশন করতে পারেনি কর্তৃপক্ষ।

পরীক্ষায় অব্যবস্থাপনা ও প্রশ্রপত্র ফাসের মতো ঘটনাও ঘটেছে এ স্বল্প সময়ের মধ্যেই। এখনো ইউনিভার্সিটি কর্তৃপক্ষ প্রশ্রপত্র ফাসে জড়িতদের শনাক্ত ও শাস্তি দিতে ব্যর্থ হয়েছে। ৪০ হাজার শিক্ষার্থীর জন্য সবচেয়ে বড় সমস্যা এখানকার পরিবহন সমস্যা। এ সমস্যা সমাধানের জন্য নেয়া হয়নি কোনো ব্যবস্থা।

এদিকে অভিজাবক ও সংশ্লিষ্টরা মনে করেন, এখনই উপযুক্ত পদক্ষেপ না নিলে ইউনিভার্সিটিতে শিক্ষার সূচু পরিবেশ সৃষ্টি ও শিক্ষার গুণগতমান বজায় রাখা সম্ভব হবে না। এ ব্যাপারে ইউনিভার্সিটির ডিসি ড. সিরাজুল ইসলাম খান বলেন, ইউনিভার্সিটিতে দুটি মিনিবাস আছে, সেগুলো সিএনজি করার উদ্যোগ নেয়া হয়েছে। পরিবহন সমস্যা সমাধানে যতো শিগগির সম্ভব আরো দুটি নতুন বাসের ব্যবস্থা করা হবে। শিক্ষক ও ক্লাসরুমের সঙ্কট সমাধানে পদক্ষেপ নেয়া হয়েছে। এছাড়া পরীক্ষায় প্রশ্রপত্র ফাসের ব্যাপারে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তাদের